# বাংলাদেশ ব্যাংক

## বিদেশগামী ও বিদেশফেরত যাত্রীদের জ্ঞাতার্থে বৈদেশিক মুদ্রা বিধি ব্যবস্থাদি

## Foreign Exchange Regulations for Outbound and Inbound Travelers

**১। বৈদেশিক মুদ্রায় লেনদেনের জন্য অনুমোদিত প্রতিষ্ঠান :**
বাংলাদেশে বৈদেশিক মুদ্রায় লেনদেন শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের লাইসেন্সপ্রাপ্ত অনুমোদিত ডিলার ব্যাংক ও মানিচেঞ্জার প্রতিষ্ঠানগুলোর সাথে সম্পন্ন করা যায়। বাংলাদেশ ব্যাংকের লাইসেন্সপ্রাপ্ত অনুমোদিত ডিলার ব্যাংক ও মানিচেঞ্জার প্রতিষ্ঠান ছাড়া অন্য কারো সাথে বৈদেশিক মুদ্রায় লেনদেন বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর আওতায় দণ্ডযোগ্য অপরাধ।

**1. Authorized entities for transactions in foreign exchange :**
In Bangladesh, transactions in foreign exchange may be done only with authorised dealer banks and money changers licensed by Bangladesh Bank. Dealing in foreign exchange other than with authorised dealer (AD) banks and licensed money changers is punishable offence under the Foreign Exchange Regulation Act, 1947.

**২। বিদেশ যাওয়া ও ফেরত আসার সময় বাংলাদেশি মুদ্রা সঙ্গে বহন :**
বিদেশে যাবার সময় কোন ব্যক্তি বাংলাদেশি মুদ্রায় অনধিক ১০,০০০ (দশ হাজার) টাকা সঙ্গে নিতে পারেন; বিদেশ হতে বাংলাদেশে ফেরার সময়ও তিনি অনধিক ১০,০০০ (দশ হাজার) টাকা সঙ্গে আনতে পারেন।

**2. Carrying Bangladesh currency while proceeding abroad and returning to Bangladesh :**
Any person can take out Bangladesh currency upto Taka 10000 (ten thousand) while proceeding abroad; can bring in Bangladesh currency upto Taka 10000 while returning to Bangladesh.

**৩। বিদেশ থেকে দেশে প্রবেশের সময় বৈদেশিক মুদ্রা সঙ্গে আনয়ন :**
বিদেশ থেকে দেশে আসার সময় কাস্টমস্ কর্তৃপক্ষের কাছে FMJ ফরমে ঘোষণা দিয়ে যে কোন পরিমাণ বৈদেশিক মুদ্রা সাথে আনা যায় ; তবে অনধিক ৫০০০ (পাঁচ হাজার) মার্কিন ডলার বা সমমূল্যের অন্যান্য বৈদেশিক মুদ্রা (নগদ, ব্যাংক ড্রাফট ইত্যাদি আকারে) সঙ্গে আনার জন্য ঘোষণা দাখিলের প্রয়োজনীয়তা নেই।

**3. Bringing in foreign currency while entering into Bangladesh :**
Any amount of foreign currency can be brought in while entering into Bangladesh with declaration to the customs authorities in FMJ form. No declaration, however, is necessary for amount brought in upto USD 5000 or equivalent other foreign currencies (in cash, bank draft etc.).

**৪। বিদেশ থেকে দেশে আনা বৈদেশিক মুদ্রার ব্যবহার ও বিদেশে ফেরত নিয়ে যাওয়া :**
ক. নিবাসী বাংলাদেশিরা বিদেশ থেকে সঙ্গে আনা অনধিক ৫,০০০ মার্কিন ডলার মূল্যমানের বৈদেশিক মুদ্রা নিজের সঙ্গে রাখতে পারেন বা অনুমোদিত ডিলার ব্যাংকে নিবাসী বৈদেশিক মুদ্রা অ্যাকাউন্টে জমা রাখতে পারেন, পরবর্তী বিদেশ যাত্রায় সঙ্গেও নিয়ে যেতে পারেন। FMJ ফরমে ঘোষণা দিয়ে আনা ৫,০০০ মার্কিন ডলারের অতিরিক্ত পরিমাণ বৈদেশিক মুদ্রা দেশে ফেরার এক মাসের মধ্যে অনুমোদিত ডিলার ব্যাংক/লাইসেন্সধারী মানিচেঞ্জারের কাছে বিক্রয় বা নিবাসী বৈদেশিক মুদ্রা অ্যাকাউন্টে জমা করা নিবাসী বাংলাদেশিদের জন্য বাধ্যতামূলক।

খ. বিদেশ থেকে আগত অনিবাসী/বিদেশিরা সঙ্গে আনা (এবং পাঁচ হাজার মার্কিন ডলারের বেশি হলে শুল্ক কর্তৃপক্ষের কাছে ঘোষণা দেয়া) বৈদেশিক মুদ্রা অনুমোদিত ডিলার ব্যাংক/মানি চেঞ্জারের নিকট নগদায়ন করতে পারেন, নিজের সঙ্গে বা অনুমোদিত ডিলার ব্যাংকে বৈদেশিক মুদ্রা অ্যাকাউন্টে জমা রাখতে পারেন, অব্যবহৃত অংশ বাংলাদেশ ত্যাগকালে সঙ্গে নিয়ে যেতে পারেন। উল্লেখ্য, বিদেশ থেকে ৫,০০০ (পাঁচ হাজার) মার্কিন ডলার/সমমূল্যের অন্যান্য বৈদেশিক মুদ্রার বেশি আনা অর্থ বিদেশে ফেরত যাওয়ার সময়ে সঙ্গে নিতে হলে FMJ ফরমে ঘোষণা পত্রের কপি সাথে রাখতে হবে।

**4. Usage and taking back of foreign currency brought in from abroad :**
a. Resident Bangladesh nationals can retain with themselves foreign currency upto USD 5000 or equivalent brought in by himself/herself from abroad or can deposit the same in Resident Foreign Currency Deposit Account (RFCDA) with authorised dealer banks or can take out the same at the time of subsequent travel abroad. However, selling to authorised dealer/money changer or depositing in RFCDA of foreign exchange in excess of USD 5000 or equivalent brought in with declaration in FMJ form, within one month of arrival is mandatory for resident Bangladesh nationals.

b. Foreign currencies brought in (and declared in FMJ form with customs authorities for amount exceeding USD 5000 or equivalent) by the non-residents/foreigners can be encashed with authorised dealer bank/money changer, can be retained with themselves or deposited into foreign currency accounts with authorised dealer banks; unused portion of the foreign currencies can be taken back at the time of departure from Bangladesh. However, copy of form of declaration of foreign currency in FMJ should be retained with while taking back foreign currency exceeding USD 5000 or equivalent brought from abroad.

**৫। বিদেশ যাবার সময় বৈদেশিক মুদ্রা হিসাবধারীগণ কর্তৃক বৈদেশিক মুদ্রা নিয়ে যাওয়া :**
বৈদেশিক মুদ্রা হিসাবধারী ব্যক্তিবর্গ বিদেশ গমনের সময় তাদের স্ব স্ব হিসাব হতে প্রয়োজনীয় পরিমাণ বৈদেশিক মুদ্রা (তবে মার্কিন ডলার নোট আকারে অনধিক ৫,০০০) পাসপোর্টে এন্ডোর্সমেন্ট ও অন্য বিধানাবলীর পরিপালন সাপেক্ষে অনুমোদিত ডিলার ব্যাংক হতে গ্রহণ ও বাংলাদেশ ত্যাগকালে সাথে নিয়ে যেতে পারেন।

**5. Taking out of foreign currency by foreign currency account holders while proceeding abroad :**
Foreign currency account holders can withdraw and take out necessary amount (upto 5000 in USD note) of foreign currency drawn from their respective accounts with authorised dealer banks during proceeding abroad with endorsement in passport and complying other instructions.

**৬। বাংলাদেশে আগত বৈদেশিক পর্যটক কর্তৃক অব্যয়িত টাকা বৈদেশিক মুদ্রায় পুনঃরূপান্তর :**
যে অনুমোদিত ডিলার ব্যাংক/মানিচেঞ্জারের নিকট বৈদেশিক মুদ্রা টাকায় ভাঙ্গানো হয়েছে, নগদায়ন সনদ প্রদর্শনপূর্বক শুধুমাত্র সেই অনুমোদিত ডিলার/মানিচেঞ্জার থেকে অব্যয়িত টাকার অংক বৈদেশিক মুদ্রায় পুনঃরূপান্তর করে সংশ্লিষ্ট অনিবাসী বাংলাদেশ ত্যাগকালে তা সঙ্গে নিতে পারেন। মানিচেঞ্জারের বেলায় পুনঃরূপান্তরিত বৈদেশিক মুদ্রার অংক ৫০০ মার্কিন ডলারের বেশি হবে না। উল্লেখ্য, বিমানবন্দরের বহির্গমন লাউঞ্জে অবস্থিত ব্যাংক বুথ অনধিক ১০০ (একশত) মার্কিন ডলার সমপরিমাণ অংকের পুনঃরূপান্তর সুবিধা দিতে পারে।

**6. Reconversion of unspent Taka into foreign currency by foreign tourists :**
Foreign tourists can reconvert the unspent Taka into foreign currency from the same authorised dealer/money changer from which the foreign currency was encashed earlier on production of the encashment certificate and take out the same at the time of departure from Bangladesh. However, in case of money changer the amount of reconversion will not exceed USD 500 or equivalent. Bank booths located in departure lounge of airports, can provide reconversion facility upto USD 100 or equivalent.

**৭। বিদেশ ভ্রমণের জন্য ব্যক্তিগত ভ্রমণ কোটা :**
নিবাসী বাংলাদেশিদের বিদেশ ভ্রমণের জন্য বার্ষিক ভ্রমণ কোটার পরিমাণ এক পঞ্জিকাবর্ষে সর্বমোট ১২,০০০ (বার হাজার) মার্কিন ডলারে উন্নীত করা হয়েছে। এর মধ্যে সার্কভুক্ত দেশগুলো ও মায়ানমার ভ্রমণের জন্য অনধিক ৫,০০০ (পাঁচ হাজার) মার্কিন ডলার/সমমান অন্যান্য বৈদেশিক মুদ্রা এবং সার্কভুক্ত দেশ ও মায়ানমার ব্যতীত অন্যান্য দেশে ভ্রমণের জন্য অনধিক ৭,০০০ (সাত হাজার) মার্কিন ডলার/সমমান অন্যান্য বৈদেশিক মুদ্রা কেনা যাবে। এর মধ্যে এককালীন সর্বোচ্চ ৫,০০০ মার্কিন ডলার নগদ নোট আকারে কেনা যায়। অবশিষ্ট/সমুদয় অংক অন্যান্য বৈদেশিক মুদ্রায় নগদ নোট আকারে ও আন্তর্জাতিক কার্ডের মাধ্যমে নেয়া যায়। তবে এসব ক্ষেত্রে সংশ্লিষ্ট যাত্রীর পাসপোর্টে সমপরিমাণ বৈদেশিক মুদ্রা এন্ডোর্সকৃত হতে হবে।

**7. Personal travel quota for travelling abroad**
Annual travel quota for resident Bangladesh nationals for travelling abroad has been enhanced upto USD 12000 during a calendar year. Within this, upto USD 5000 or equivalent can be bought for travelling to SAARC member countries and Myanmar while upto USD 7000 or equivalent can be bought for travelling other countries. Out of this, foreign exchange in the form of USD note can be bought upto 5000 per person per trip. The remaining amount of entitlement or the entire entitlement may be taken in the form of cash note of other freely convertible foreign currencies or in international card. However, equivalent foreign exchange should be endorsed on the passport of the concerned passenger.

**৮। আন্তর্জাতিক কার্ডের মাধ্যমে অনলাইনে হোটেল বুকিং ও ভিসা ফি প্রেরণ :**
বিদেশগামী বাংলাদেশিগণ আন্তর্জাতিক কার্ডের মাধ্যমে অনলাইনে বাংলাদেশ থেকে বিদেশে হোটেল বুকিং ও ভিসা ফি প্রেরণ করতে পারেন ।

**8. Online hotel booking and payment of visa fees using international cards :**
Outgoing Bangladesh nationals can book hotel abroad and pay visa fee through online by using international cards from Bangladesh.

[উল্লিখিত বিষয়গুলো মূল নির্দেশনার সংক্ষেপিত ভাষ্য। বিস্তারিত ভাষ্যের জন্য গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজাকশান্স, ২০০৯ (খন্ড-১) ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এফই সার্কুলার/ সার্কুলার লেটারগুলো দেখা যেতে পারে যেগুলো বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটেও (www.bb.org.bd) প্রদর্শিত হচ্ছে। এ বিষয়ে অতিরিক্ত কোন তথ্যের প্রয়োজন হলে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা; টেলিফোন : ৯৫৩০১২৩, ৯৫৩০২৯৮, ৯৫৩০১৪২, ৯৫৩০০৯২, ১৬২৩৬, ই-মেইল: gm.fepd@bb.org.bd; fepd.femp1@bb.org.bd বরাবরে যোগাযোগ করা যেতে পারে।

**The above issues are summarised versions of original instructions. For further information Guidelines for Foreign Exchange Transactions 2009 (Volume-1) and FE Circular/ Circular Letters issued by Bangladesh Bank may be consulted which are also available in website of Bangladesh Bank (www.bb.org.bd). For further inquiry please contact 'Foreign Exchange Policy Department, Bangladesh Bank, Head Office, Dhaka; Telephone: 9530123, 9530298, 9530142, 9530092, 16236, E-mail: gm.fepd@bb.org.bd; fepd.femp1@bb.org.bd]**